Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 19 April, 2025

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ( গোবিপ্রবি) সমন্বয়ক ও ছাত্র অধিকার পরিষদের দুই নেতার ওপর হামলা চালিয়েছে দুর্বৃত্তরা।গতকাল গোপালগঞ্জ শহরের এসএম মডেল সরকারি উচ্চ বিদ্যালয় মোড়ে কাচ্চি ডাইনের সামনে এ ঘটনা ঘটে।

হামলার শিকার মো. জসিমউদ্দিন বলেন, ১৫-২০ জন যুবক আমাদের ঘিরে ফেলে বলে তোরা চাঁদাবাজি করিস, তোদের চাঁদাবাজি ছোটাচ্ছি।তোরা বিশ্ববিদ্যালয়ের বাইরে বের হবি না? বের হলে তোদের খবর আছে।এরপর এলোপাতাড়ি কিলঘুষি মারতে থাকে।এতে আমরা দুজন আহত হই।আমাদের সাথে থাকা অপর শিক্ষার্থী আমাদের উদ্ধার করে গোপালগঞ্জ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করে।

জসিম আরও বলেন, গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের সামনে গিয়ে কয়েকজন বহিরাগত আমার বিষয়ে খোঁজ-খবর নিতে থাকে এবং আমাকে খোঁজাখুজি করে।বিশ্ববিদ্যালয় কয়েকজন শিক্ষার্থী আমাকে বলে যারা আমাকে খুঁজতে এসেছিল তারা জেলা ছাত্রলীগের রাজনীতির সাথে সম্পৃক্তত ছিল।তাই আমি গোপালগঞ্জ জেলা ছাত্রলীগের সভাপতি নিউটন মোল্লাকে নিয়ে আমার ফেসবুকে স্ট্যাটাস দেই।সেখানে লিখেছিলাম– জসিম কে, তোদের বাপ নিউটন মোল্লাকে জিজ্ঞেস কর। ওই ফেসবুকে স্ট্যাটাসকে কেন্দ্র করে হয়তো নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের লোকজন হামলা চালাতে পারে।সিসিটিভির ফুটেজ দেখে পুলিশ প্রশাসন তাদের সনাক্ত করতে পারবে বলে আমার বিশ্বাস।

গোপালগঞ্জ জেলা ছাত্র অধিকার পরিষদের সাধারণ সম্পাদক মোহাম্মদ মুজাহিদ শেখ বলেন,

সারা বাংলাদেশ ফ্যাসিস্ট মুক্ত হলেও গোপালগঞ্জ এখনও ফ্যাসিস্টমুক্ত হয়নি।তারা বিভিন্নভাবে বিভিন্ন সময় আমাদের হুমকি দিয়ে আসছে।গোপালগঞ্জকে সবার আগে সংস্কার করা উচিত বলে আমি মনে করি।আজ বিশ্ববিদ্যালয় শাখার দুইজন নেতাকে কে বা কারা মারপিট করে আহত করেছে, আমরা এর সঠিক তদন্ত করে উপযুক্ত শাস্তি কামনা করছি।

গোপালগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মির মোহাম্মদ সাজেদুর রহমান বলেন, আমরা এ বিষয়ে তদন্ত করছি।ঘটনার সাথে জড়িতদের আইনের আওতায় আনা হবে।

গোপালগঞ্জ বিশ্ববিদ্যালয় দুর্বৃত্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 23:22

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1037775807